

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৫(অংশ)-৩৮২

তারিখঃ ১ আশ্বিন ১৪২২
১৬ সেপ্টেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়ঃ হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইট ব্যবহার করে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই।

সরকারি আর্থিক ব্যবস্থাপনা ডিজিটাইজেশনের মাধ্যমে জনগণকে উন্নততর সেবা প্রদানের অংশ হিসেবে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাইয়ের জন্য একটি অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইটে (www.cga.gov.bd) "Online Chalan Verification" শীর্ষক একটি ট্যাব যুক্ত করা হয়েছে, যার মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা অথবা সোনালী ব্যাংকের মহানগর বা জেলা সদরের যে কোন শাখায় জমাকৃত চালানের সঠিকতা চালান জমাদানের পরবর্তী কার্যদিবস মধ্যাহ্নের মধ্যে সহজেই যাঁচাই করা যাবে। তবে, জেলা সদরের বাইরে অবস্থিত সোনালী ব্যাংকের ট্রেজারি শাখাসমূহে জমাকৃত চালান এ ব্যবস্থায় যাঁচাই করা সম্ভব হবে না।

০২। এমতাবস্থায়, সকল সরকারি দপ্তরকে এ পদ্ধতি ব্যবহার করে মহানগর ও জেলা সদরে জমাকৃত ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই করার জন্য বলা হল।

০৩। ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদানকারী কর্তৃক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে জমাকৃত চালান যাঁচাই করিয়ে আনার বর্তমান অনুসৃত পদ্ধতি এ পরিপত্র জারীর পর হতে মহানগর ও জেলা সদরের ক্ষেত্রে রহিত করা হল। অনলাইনে চালান যাঁচাইয়ের সময় যদি চালানের কপি ও অনলাইনে প্রাপ্ত প্রতিবেদনের মধ্যে কোনরূপ অসঙ্গতি দেখা দেয়, কেবলমাত্র সে ধরনের প্রেক্ষাপটে সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক তা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক বা জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা যাবে।

Pls. Endorse
28/9

মোহাম্মদ মুসলিম চৌধুরী
অতিরিক্ত সচিব
৯৫১১০৫০

শিল্প মন্ত্রণালয়
বাজেট ব্যবস্থাপনা অধিশাখা

নং- ৩৬.০০.০০০০.০৪৩.২০.০০৩.১৪- ৫৭৭

তারিখঃ ৩০-০৯-২০১৫খ্রিঃ

পরিপত্র এর মর্মানসারে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুসারে নহে) :

- ১। চেয়ারম্যান, বিসিআইসি/বিএসএফআইসি/বিএসইসি/বিসিক, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (বিরা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহা- পরিচালক, বিএসটিআই/বিআইএম/বিটাক/বিএবি, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর, ঢাকা।
- ৫। যুগ্ম- প্রধান (পরিচালনা উইং), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান বয়লার পরিদর্শক, বয়লার অফিস, ঢাকা।
- ৭। উপ- সচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। পরিচালক, এনপিও, মতিঝিল, ঢাকা
- ৯। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অফিস কপি।

মোঃ জসীম উদ্দীন বাদল
উপসচিব (বাজেট ও হিসাব)
ফোন: ৯৫৫৮৯৩১
e-mail: dsbudget@moin.gov.bd